দৈনিক ইনকিলাব

৬/৯/২০০৩

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৮

### প্রেসিডেন্ট ও ভিসি'র কাছে স্মারকলিপি পেশ

# ঢাঃ বিঃ'র অচলাবস্থা নিরসনের দাবীতে সচেতন ছাত্র-ছাত্রীরা সোচ্চার হয়ে উঠেছে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিরাজমান অচলাবস্থা নিরসনের দাবীতে সোচ্চার হয়ে উঠেছে বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্র-ছাত্রীরা। অচলাবস্থা নিরসনকল্পে কার্যকরী প্রদক্ষেপ গ্রহণের দাবী জানিয়ে সচেতন ছাত্র-ছাত্রীর ব্যানারে সাধারণ ছাত্র-ছাত্রীরা গতকাল (রবিবার) প্রেসিডেন্ট ও ভিসি বরাবর স্মারকলিপি পেশ করেছে।

পূর্বঘোষিত কর্মসূচী অনুযায়ী অর্ধশতাধিক ছাত্র-ছাত্রী গতকাল বেলা সাড়ে ১২টার দিকে ক্যাম্পাসে মিছিল শেষে ভিসির নিকট এবং পরে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও

২-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

### ঢাবি'র অচলাবস্থা

প্রথম পৃষ্ঠার পর

প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদের কার্যালয়ে স্মারকলিপি পেশ করে। চ্যান্সেলরের নিকট পেশকৃত স্মারকলিপিতে অচলাবস্থা নিরসনে প্রেসিডেন্টের দৃঢ় পদক্ষেপ কামনা করে বলা হয়, 'ক্যাম্পাসের এই অচলাবস্থায় আপনার নীরবতা ও দৃঢ় পদক্ষেপ নিতে আপনার দ্বিধা আমাদেরকে আরো বেশী দিশেহারা করেছে।' স্মারকলিপিতে অভিমত ব্যক্ত করে উল্লেখ করা হয়, ক্যাম্পাসের অচলাবস্থার স্থায়ী সমাধাণ এখন আর ক্যাম্পাসের পরিকাঠামোয় সম্ভব নয়। এ বিষয়ে প্রেসিডেন্ট কোন প্রদক্ষেপ নিলে জাতীয় নেতৃবৃন্দ তা এড়িয়ে যেতে পারবেন না।

এদিকে ভিসির নিকট পেশকৃত স্মারকলিপিতে সংকট নিরসনে বিশ্ববিদ্যালয় প্রশাসনের ব্যর্থতার উল্লেখ করে বলা হয়।